বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৭

তারিখ: ১১ আগস্ট ২০২৪ / ২৭ শ্রাবণ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীতে শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপ হতে বিরত থাকা প্রসঙ্গে

সম্প্রতি কিছু কিছু ব্যাংকের দপ্তরে বা কার্যস্থলে শৃঙ্খলা পরিপন্থী কতিপয় কার্যকলাপ সংঘটিত হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট গোচরীভূত হয়েছে। এ ধরনের কার্যকলাপ ব্যাংকের স্বাভাবিক কার্যক্রম ও লেনদেনে ব্যাঘাত সৃষ্টি করছে বিধায় ব্যাংকের ওপর আমানতকারীদের আস্থার সংকট দেখা দিতে পারে। উল্লেখ্য, এ ধরনের কার্যকলাপ ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৫৭(২) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। এমতাবস্থায়, ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ৫৭(১) অনুযায়ী ব্যাংকের দপ্তরে বা কার্যস্থলে আমানতকারীদের আস্থা ক্ষুন্ন হয় এমন কোনো কার্যকলাপ হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হলো।

২। বিষয়টি সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে সচেতন করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২